



## চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং:-/চুয়েট/কোঅর্ডিনেশন-২৮/ ৮৩৯


০৪ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ  
১৮ মার্চ, ২০২৪ খ্রি:

- : বিজ্ঞপ্তি:-

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনা অনুসরণে আসন্ন ২৫ মার্চ, ২০২৪ খ্রি:, সোমবার গণহত্যা দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম উক্ত দিবসের অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন।

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদেরকে উক্ত কর্মসূচিগুলোতে অংশগ্রহণপূর্বক অনুষ্ঠানমালাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ক্রমিক	কর্মসূচিসমূহ	স্থান/আয়োজক	তারিখ ও সময় ২৫/০৩/২০২৪ খ্রি.
১.	২৫শে মার্চ গণহত্যা দিবস ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা	একাডেমিক কাউন্সিল কক্ষ, ভিসি অফিস (৩য় তলা)	সকাল ১১:০০ ঘটিকা
২.	গণহত্যা দিবসে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়া, মোনাজাত ও তবারুক বিতরণ	কেন্দ্রীয় জামে মসজিদ	বাদ জোহর
৩.	এক মিনিটের জন্য প্রতীকী ব্র্যাকআউট ও মোমবাতি প্রজ্জ্বলন	আয়োজক: ছাত্রকল্যাণ দপ্তর স্থান: চুয়েট ক্যাম্পাস ও কেন্দ্রীয় শহীদ মিনার	রাত ১০:০০ ঘটিকা থেকে রাত ১০:০১ ঘটিকা

  
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

সদস্য সচিব, জাতীয় দিবস উদযাপন কমিটি

এবং রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব), চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- সকল ডীন/ পরিচালক/বিভাগীয় প্রধান/প্রভোস্ট/ অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট (ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে)।
- পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
- প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লিখিত সময়সূচী অনুযায়ী এক মিনিটের জন্য প্রতীকী ব্র্যাকআউটকরণ, অনুষ্ঠান পরিচালনার জন্য একাডেমিক কাউন্সিল কক্ষে সাউন্ড সিস্টেম ও বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- সভাপতি, মসজিদ পরিচালনা কমিটি এবং সিনিয়র পেশ ইমাম (কেন্দ্রীয় মসজিদে বিশেষ দোয়া মাহফিলের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- পেশ ইমাম, চুয়েট (আলোচনা সভায় উপস্থিত থেকে কোরআন তেলাওয়াত, দোয়া ও মোনাজাত পরিচালনার অনুরোধ সহকারে)।
- সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি, স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট ক্লাব, কর্মচারী ক্লাব, চুয়েট।
- পিএস টু ভিসি, চুয়েট (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- পিও টু প্রো-ভিসি, চুয়েট (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।
- সংরক্ষণ নথি।

  
(মোহাম্মদ ফজলুর রহমান)

উপ-পরিচালক (জনসংযোগ)  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।